**যুগান্তর**

তারিখ ... 14 JUL 2008
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৪

# সিলেটে ৪৭টি হাই স্কুলে একাডেমিক স্বীকৃতি বাতি

লেট ব্যুরো

লেট বিভাগের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শহীদ জিয়াউর রহমান হাইস্কুলসহ ৪৭টি হাইস্কুলের একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়েছে। গত বছরের এসএসসি পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়। বোর্ড সূত্রে জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় দুটি পত্রে ৪৭টি হাইস্কুলের একাডেমিক স্বীকৃতি বাতিলের নির্দেশ জারি করেছে। ২০০৭ সালের এসএসসি পরীক্ষায় ৫ জনের কম পরীক্ষার্থী উত্তীর্ণ হওয়ার ব্যাপারে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় ২৬টি এবং শোকজের জবাব না দেয়ায় ২১টি হাইস্কুলের একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়। স্বীকৃতি বাতিল হওয়া প্রতিষ্ঠানগুলোর সরকারি আর্থিক সুবিধাও বন্ধ থাকবে। এবারের পরীক্ষায় যেসব প্রতিষ্ঠান খারাপ ফলাফল করেছে তাদের আরেকবার সুযোগ দেয়ার জন্য সিলেট শিক্ষা বোর্ড সুপারিশ করবে বলে বোর্ড সূত্রে জানা গেছে। একাডেমিক স্বীকৃতি বাতিল হওয়া হাইস্কুলগুলোর মধ্যে রয়েছে— সিলেটের বিয়ানীবাজার উপজেলার সপ্তগ্রাম হাইস্কুল, সৈয়দ ফারহানা হোসেন হাইস্কুল, বিশ্বনাথের শহীদ জিয়াউর রহমান হাইস্কুল, সৎপুর হাইস্কুল, তাহির আলী হাইস্কুল, গোয়াইনঘাটের বাঘের সড়ক হাইস্কুল, সালাম মকবুল হাইস্কুল, কোম্পানীগঞ্জের কেনবাড়ি হাইস্কুল, কানাইঘাটের সুলাই আদর্শ হাইস্কুল, সুরাইঘাট হাইস্কুল, সদর উপজেলার টুকরা আইডিয়াল হাইস্কুল, বিবিদইল গার্লস হাইস্কুল, হাকিগঞ্জ গার্লস হাইস্কুল, আবদুর রাজ্জাক কমিউনিটি বিদ্যানিকেতন, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলার শাহজালাল মাধ্যমিক বিদ্যালয় ও লাখীহর ভবানীপুর হাইস্কুল, বানিয়াচং উপজেলার জেভিএম হাইস্কুল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাইস্কুল, মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার ইউনাইটেড হাইস্কুল, টিকাহালি হাইস্কুল, কেছরিগুল হাইস্কুল, কানশাইল হাকালুকি গার্লস হাইস্কুল, কমলগঞ্জের আবদুল মছব্বির একাডেমি, বাউরবাগ রশিদ উদ্দিন হাইস্কুল, রায়পুর হাইস্কুল, রাজনগরের সভকুল হাইস্কুল, কুলাউড়া উপজেলার নবীগঞ্জ আদর্শ হাইস্কুল, রাজনগর হাইস্কুল, রাজনা বটুলী হাইস্কুল, শ্রীমঙ্গলের বিশ্বমণি হাইস্কুল, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার চরমহল্লা বাজার হাইস্কুল, হাজী জামাল উদ্দিন হাইস্কুল, জগন্নাবাদ হাইস্কুল, জাহিদপুর হাইস্কুল, হাদ হাইস্কুল, ধর্মপাশার চামারদানী হা দোয়ারাবাজারের মুক্তিযোদ্ধা ম্যাংগী বড়রা হাইস্কুল, জগন্নাথপুরের আবদুল হাইস্কুল, লামা টুকেরবাজার হাইস্কুল, আলী হাইস্কুল, রসুলগঞ্জ আবদুল মেহেরুননেছা পাবলিক হাইস্কুল, শাল্লার শ্রী হাইস্কুল, মাহমুদনগর হাইস্কুল, দিঃ উপজেলার জনতা হাইস্কুল এবং উপজেলার আলহাজ আবদুল মুতলিব হা এছাড়া ২০০৮ সালের এসএসসি শতকরা ২০ ভাগের কম ফলাফল ২০টি স্কুলের বিরুদ্ধে বোর্ড কারণ নোটিশ পাঠাবে বলে জানা গেছে।